# খালেদা জিয়ার মৃত্যুতে কমনওয়েলথ মহাসচিবের গভীর শোক



সংগৃহীত ছবি

বাংলাদেশে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন কমনওয়েলথের মহাসচিব শির্লি বোচাওয়ে। বুধবার (৭ জানুয়ারি) তিনি লন্ডন থেকে বাংলাদেশ হাইকমিশনে লিখিত শোকবার্তা পাঠান, যা দেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ইউনূসের কাছে পৌঁছেছে।

শোকবার্তায় মহাসচিব বলেন, খালেদা জিয়ার মৃত্যুতে তিনি অত্যন্ত দুঃখিত এবং তার পরিবার ও বাংলাদেশের জনগণের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন। তিনি খালেদা জিয়াকে বাংলাদেশের রাজনীতির একজন প্রভাবশালী নেতা এবং পথপ্রদর্শক হিসেবে উল্লেখ করেছেন। মহাসচিব বলেন, প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে তার দায়িত্বকাল তিন দফায় বিস্তৃত এবং সেই সময়ে তিনি অসংখ্য চ্যালেঞ্জ অতিক্রম করে দেশের জনগণের কল্যাণে নিজেকে অঙ্গীকারবদ্ধ রেখেছিলেন।

তিনি আরও বলেন, খালেদা জিয়ার অবদান শুধু বাংলাদেশের সীমাবদ্ধ নয়; তিনি দক্ষিণ এশিয়া ও সমগ্র কমনওয়েলথে নারী নেতৃত্বের জন্য অনুপ্রেরণার গুরুত্বপূর্ণ প্রতীক ছিলেন।

LENS ASIA